

## উপজেলা সমবায় কার্যালয়, পাইকগাছা খুলনায় অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটি / অংশীজন সভার কার্যবিবরণী:

বিষয়: উপজেলা সমবায় কার্যালয়, পাইকগাছা, খুলনায় অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটি/অংশীজন সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মোঃমিজানুর রহমান, যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা  
সভার তারিখ ও সময়: ১৬/১১/২০২০; দুপুর ১২.০০ টা।  
সভার স্থান: উপজেলা পরিষদ হলরুম, পাইকগাছা, খুলনা।

সভায় উপস্থিত নামের তালিকা (পরিশিষ্ট-ক)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ব্যবস্থাপনা কমিটি/অংশীজন সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ব্যবস্থাপনা কমিটি/অংশীজন সভার উদ্দেশ্য হলো সমবায় বিভাগের কার্যক্রমের সাথে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে সম্পৃক্ত সরকারী দপ্তর সহ অন্যান্য প্রতিষ্ঠানের/ব্যক্তির সাথে অত্র বিভাগের কাজ করার ক্ষেত্রে কিধরনের সমস্যা রয়েছে এবং সেগুলি থেকে উত্তরণের উপায় সম্পর্কে আলাপ আলোচনার মাধ্যমে সমাধানের পথ বের করা। তিনি উপস্থিত বিশিষ্ট সমবায়ী ও ব্যক্তি বর্গের মতামত জানতে চান এবং তাদের কথা মনোযোগ সহকারে শ্রবণ করেন।

পাইকগাছা উপজেলার নির্বাহী কর্মকর্তা বলেন, সমবায় সমিতির কার্যক্রমকে সুন্দরভাবে পরিচালনার জন্য যে বিষয়টি সর্বাগ্রে প্রয়োজন তাহলো সমিতি পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের কাজের মধ্যে সততা ও স্বচ্ছতা থাকা এবং জবাবদিহীতা নিশ্চিত করা। তাহলে সাধারণ সদস্যদের সমিতির প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে, তারা নিশ্চিত সমিতিতে তাদের গচ্ছিত অর্থ জমা রাখতে পারে এবং সমিতির মাধ্যমে জনগনের উন্নয়ন করা সম্ভব হবে।

জনাব মোস্তফা কামাল জাহাঙ্গীর, চেয়ারম্যান রাডুলী কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ, রাডুলী, পাইকগাছা, খুলনা বলেন সমবায়ের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব যদি এলাকায় প্রতিষ্ঠিত সমিতি গঠন করা যায়। তিনি গুনগত দিক থেকে ভাল সমিতি গঠনের ব্যাপারে সকলকে উৎসাহিত করেন এবং দিক নির্দেশনা দেন।

জনাব মোঃ বেনজীর আহমেদ, উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা বলেন, অত্র উপজেলায় আমি নতুন যোগদান করেছি এবং যোগদানের শুরুতেই উপজেলাধীন বিশিষ্ট সমবায়ীদের সাথে অত্র অংশীজন সভার মাধ্যমে পরিচয় ঘটানোর একটা চমৎকার সুযোগ সৃষ্টি হয়েছে। তিনি যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান অংশীজন সভার তেঁনু হিসেবে অত্র উপজেলাকে নির্ধারণ করার জন্য এবং সকল সমবায়ীদের সাথে পরিচয় ঘটানোর সুযোগ সৃষ্টি করার জন্য। তিনি তাদের যে কোন সমস্যা সমাধানে আন্তরিক সহযোগিতার আশ্বাস দেন এবং তাদের সহযোগিতা কামনা করেন।

সভায় গৃহীত সিদ্ধান্ত বলা নিম্নরূপ:

আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ঋণ কার্যক্রম	জনাব এস.এম.মোর্তজা জামান আলমগীর (বুলু) সভাপতি, যোলআনা ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ বলেন যে, তাদের সমিতি যথেষ্ট প্রতিষ্ঠিত এবং তাঁরা তাদের মূলধন উৎপাদনশীল বিনিয়োগের মাধ্যমে নিজেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন কিন্তু সমস্যা হচ্ছে তাদের আশে পাশে ছোট ছোট সমবায় সমিতি গঠন হওয়ায় ঋণ কার্যক্রম পরিচালনা সহ অন্যান্য বিনিয়োগের ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হচ্ছে। সিদ্ধান্ত: নতুন নিবন্ধিত সমবায় সমিতির নেতৃবৃন্দের সাথে এলাকায় প্রতিষ্ঠিত সফল সমবায় নেতৃবৃন্দের সমন্বয়ে সভা নিশ্চিত করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা।
প্রশিক্ষণ সংক্রান্ত	জনাব পঞ্চানন সানা, সভাপতি, মুক্তি স্ব-নির্ভর কৃষি ও ক্ষুদ্র শিল্প সমবায় সমিতি লিঃ বলেন তারা সমিতির কার্যক্রম পরিচালনা করার ক্ষেত্রে বিভিন্ন সময়ে ব্যবস্থাপনা কমিটির কার্যক্রম এবং হিসাব সংরক্ষণের ক্ষেত্রে সমস্যার সম্মুখীন হন। তারা যদি যথাযথ প্রশিক্ষণের সুযোগ পান তাহলে, ঐ সকল সমস্যা নিজেরাই মোকাবেলা করতে পারেন। এসময় উপস্থিতির মধ্য থেকে আরও কয়েকজন সমবায়ী আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট, খুলনা এবং বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় বেশি বেশি প্রশিক্ষণে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। সিদ্ধান্ত: ১. নতুন নিবন্ধিত সমবায় সমিতির নেতৃবৃন্দের সাথে প্রতিষ্ঠিত সফল সমবায় নেতৃবৃন্দের সমন্বয়ে প্রামাণ্য প্রশিক্ষণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ২. প্রয়োজনে প্রশিক্ষণ বর্ষপঞ্জি মোতাবেক সমবায় শিক্ষায়তনে প্রশিক্ষণ গ্রহণের নিমিত্ত আগ্রহী সমবায়ীদের প্রেরণ নিশ্চিত করতে হবে এবং প্রশিক্ষণ ভাতা বৃদ্ধির বিষয়ে উচ্চতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপজেলা সমবায় অফিসার, পাইকগাছা, খুলনা। ও জেলা সমবায় অফিসার, খুলনা।